

আপনার পরিচিত এমন কেউ কি রয়েছে যে আপনার টাকা খরচের ব্যাপারটি নিয়ন্ত্রণ করে, আপনার পরিবার এবং বন্ধুবান্ধবদের সাথে আপনাকে দেখা করতে দেয়না, কিংবা আপনার দিকে চিৎকার চেচামেচি করে এবং আপনাকে দৈহিকভাবে আঘাত করে?

নিউ সাউথ ওয়েলস এজিং অ্যান্ড ডিসএবিলিটি এবিউজ হেল্পলাইনে যেকোনো বৃদ্ধ লোক কিংবা প্রতিবন্ধী প্রাপ্তবয়স্ক লোক নিজেদের বাড়ি কিংবা কমিউনিটিতে কারও দ্বারা নিগ্রহ এবং অত্যাচারের শিকার হলে সে ব্যাপারে সাহায্য চাইতে পারে।

1800 628 221 নম্বরে
কল করুন (সোম থেকে
শুক্র ৯ টা থেকে ৫ টা)।
দোভাষীর দরকার হলে
131 450 নম্বরে কল
করুন।

নিজের বাড়ি কিংবা কমিউনিটিতে নিরাপত্তা এবং মর্যাদাপূর্ণ আচরণ পাওয়ার অধিকার আপনার রয়েছে।

হেল্পলাইনে যোগাযোগ করে
আপনিঃ

1. সাহায্যের জন্য কী কী ধরণের সেবা রয়েছে সে সম্পর্কে তথ্য পেতে পারেন।
2. আপনার উদ্বেগগুলো সম্পর্কে একজন প্রশিক্ষিত পেশাদার ব্যক্তির সাথে কথা বলতে পারেন
3. নাম পরিচয় গোপন রেখে সহায়তা পাওয়া এবং কোনো ধরণের সমালোচনার শিকার না হয়ে আপনার কথা বলতে পারেন।



অনলাইনে
ageingdisabilitycommission.nsw.gov.au

ওয়েবসাইটে যেকোনো সময় তদন্তের জন্য অনুরোধ
করতে পারেন।

জরুরী পরিস্থিতিতে সবসময়ই 000 নম্বরে কল করুন কিংবা সংকটকালীন সহায়তার জন্য 13 11 14 নম্বরে লাইফলাইনে কল করুন।

ন্যাশনাল রিলে সার্ভিস 1800 555 660 | টেক্সট টেলিফোন 133 677

